



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা

স্মারক নং- কু.বি./রেজি./ছাত্র-ছাত্রী ভর্তি-১৯৮/২০০৯ (অংশ-৪)/

তারিখ: ২৭/০৮/২০১৪ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০১৪-২০১৫

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে বিভিন্ন অনুষদ-এ ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন মোবাইল ফোনের মাধ্যমে গ্রহণ করা হবে। আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকা।

আবেদনের তারিখ ১০ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবর, ২০১৪ পর্যন্ত (দিন-রাত যেকোন সময়, এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে)।

আবেদনের যোগ্যতা: ২০১৩/২০১৪ সালে অনুষ্ঠিত এইচএসসি/আলিম/সমমানের পরীক্ষায় এবং ২০১১/২০১২ সালে অনুষ্ঠিত এসএসসি/দাখিল/সমমান পরীক্ষাতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

অনুষদ ও বিষয়:

বিজ্ঞান অনুষদ (A ইউনিট): গণিত, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই), ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি), পদার্থবিজ্ঞান, রসায়ন, পরিসংখ্যান এবং ফার্মেসী।

কলা ও মানবিক অনুষদ এবং সমাজ বিজ্ঞান অনুষদ (B ইউনিট): বাংলা, ইংরেজি, অর্থনীতি, লোক প্রশাসন, নৃবিজ্ঞান এবং প্রত্নতত্ত্ব।

বিজনেস স্টাডিজ অনুষদ (C ইউনিট): ব্যবস্থাপনা শিক্ষা, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস (এআইএস), মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং।

শর্তাবলী:

বিজ্ঞান/সমমান শাখা থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান (চতুর্থ বিষয়সহ) উভয় পরীক্ষায় মোট জিপিএ ৭.০০ এবং উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ পেতে হবে। A ইউনিট-এর বিষয়সমূহের মধ্যে গণিত, সিএসই, আইসিটি, পদার্থবিজ্ঞান ও পরিসংখ্যান বিভাগে ভর্তির জন্য এইচ.এস.সি পর্যায়ে গণিত-এ জিপিএ ৩.০০ থাকতে হবে। ফার্মেসীতে ভর্তিচ্ছুকদের উচ্চমাধ্যমিক পরীক্ষায় রসায়ন ও জীববিদ্যা-এ জিপিএ ৩.৫০ থাকতে হবে।

মানবিক/সমমান শাখা থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান (চতুর্থ বিষয়সহ) উভয় পরীক্ষায় মোট জিপিএ ৬.৫০ এবং উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ পেতে হবে। ইংরেজীতে ভর্তিচ্ছুকদের উচ্চমাধ্যমিক পরীক্ষায় ইংরেজীতে (A-) এবং অর্থনীতিতে ভর্তিচ্ছুকদের উচ্চমাধ্যমিকে অর্থনীতি অথবা পরিসংখ্যান থাকতে হবে।

ব্যবসায় শিক্ষা/ডিপ্রোমা-ইন-কমার্স/কারিগরি/সমমান শাখা থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান (চতুর্থ বিষয়সহ) উভয় পরীক্ষায় মোট জিপিএ ৭.৫০ এবং উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেতে হবে।

জি.সি.ই লেভেল- 'ও' লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে এবং 'এ' লেভেল পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলের মোট ৭ টি বিষয়ের মধ্যে ৪ টি বিষয়ে কমপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত হতে হবে।

ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক পরীক্ষার্থীদের রেজিস্ট্রার বরাবর নির্ধারিত তারিখের মধ্যে লিখিতভাবে আবেদন জানাতে হবে।

মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া: (ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে COU <স্পেস> এইচ.এস.সি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> এইচ.এস.সি পরীক্ষার রোল নম্বর <স্পেস> এইচ.এস.সি পাশের সাল <স্পেস> এস.এস.সি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> এস.এস.সি পরীক্ষার রোল নম্বর <স্পেস> এস.এস.সি পাশের সাল <স্পেস> কাক্সিত ইউনিটের কীওয়ার্ড লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে। **উদাহরণ:** COU DHA 123456 2014 DHA 123456 2012 A

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং COU A ইউনিটের জন্য। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় যথাক্রমে আবেদনকারীর নিজের এইচ.এস.সি এবং এস.এস.সি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। কোন পরীক্ষার্থী ২০১৩ সালে এইচ.এস.সি পাশ করে থাকলে ২০১৪ এর স্থলে ২০১৩ লিখতে হবে এবং কোন পরীক্ষার্থী ২০১১ সালে এসএসসি পাশ করে থাকলে ২০১২ এর স্থলে ২০১১ লিখতে হবে।

(খ) বিভিন্ন বোর্ডের জন্য লিখতে হবে কুমিল্লা (COM), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), সিলেট (SYL), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (Vocational-VOC, Diploma in Business Studies-DIB, Diploma in Commerce-DIC, HSC in Business Management-HBM, Foreign-OTH)। (গ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে COU <স্পেস> YES <স্পেস> PIN নম্বর <স্পেস> মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে। এখানে মোবাইল নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করতে পারে এমন কোন অপারেটরের একটি মোবাইল নম্বর লিখতে হবে।

উদাহরণ: COU YES 654321 01XXXXXXXX

এই উদাহরণের ৬৫৪৩২১ এর জায়গায় আবেদনকারীর নিজ PIN নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি ৫০০/- (পাঁচশত) টাকা কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

(ঘ) আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলের পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সাথে সাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না।

(ঙ) 'O'/'A' লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণ: COU GCE 123456 2012 A এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর A-level এর নিজ নিজ candidate নম্বরটি বসাতে হবে।

(চ) **কোটাভর্তিচ্ছুক আবেদনকারীর ক্ষেত্রে:** নির্দিষ্ট কোটায় আবেদন করতে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ: মুক্তিযোদ্ধা কোটা (FFQ), উপজাতি কোটা (TQ), অ-উপজাতি কোটা (NTQ), শারীরিক প্রতিবন্ধী কোটা (PDQ)। এখানে অ-উপজাতি বলতে উপজাতি অঞ্চলে স্থায়ীভাবে বসবাসকারী বাঙালিদের বোঝানো হয়েছে।

উদাহরণ: COU DHA 123456 2014 DHA 123456 2012 A FFQ

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং COU A ইউনিটের মুক্তিযোদ্ধা (FFQ) কোটার জন্য।

ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয়:

(ক) ভর্তি পরীক্ষার দিন এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি সহ দুই কপি ফটোকপি এবং প্রত্যেক ইউনিটের জন্য সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি যার পিছনে নাম ও প্রদত্ত ভর্তি পরীক্ষার রোল নম্বর লিখে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।

(খ) ভর্তি পরীক্ষা এক ঘণ্টা সময়ের ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

ভর্তি পরীক্ষায় মোট ১০০টি প্রশ্নের মান বন্টন হবে নিম্নরূপ: A ইউনিট- ইংরেজি- ১৫, বাংলা- ১০, পদার্থবিজ্ঞান- ২৫, রসায়ন- ২৫ এবং গণিত/জীব বিজ্ঞান- ২৫।

B ইউনিট- ইংরেজি- ২৫, বাংলা- ২৫, সাধারণ জ্ঞান- ১০ এবং কলা ও সামাজিক বিজ্ঞান বিষয়াবলী/বিজ্ঞান বিষয়াবলী/ব্যবসায় শিক্ষা বিষয়াবলী- ৪০।

C ইউনিট- ইংরেজি- ২০, বাংলা- ১০, হিসাববিজ্ঞান- ২৫, ব্যবসায় পরিচিতি ও ব্যাংকিং- ২৫, Analytical Ability & Critical Reasoning- ২০। বিজ্ঞান ও মানবিক বিভাগ থেকে C ইউনিটে- পরীক্ষার্থীদের ইংরেজি- ২০, বাংলা- ১০, সাধারণজ্ঞান- ১০ এবং গণিত- ৬০ নম্বর (বিজ্ঞান বিভাগ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের) অথবা অর্থনীতি/পরিসংখ্যান- ৬০ নম্বর (মানবিক বিভাগ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের) উত্তর করতে হবে।

ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি:

ভর্তি পরীক্ষার তারিখ: আগামী ১২ এবং ১৩ ডিসেম্বর ২০১৪ ইং তারিখ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইউনিট ভিত্তিক পরীক্ষার তারিখ, সময়সূচী, স্থান, আসন বিন্যাস ও সংশ্লিষ্ট তথ্য যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও পত্রিকা মারফত জানা যাবে। ভর্তি পরীক্ষার বিস্তারিত তথ্যাবলী ওয়েবসাইটের মাধ্যমে ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট: www.cou.ac.bd

Help Line: 01557-330381 / 01557-330382

বি: দ্র: ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম-নীতির পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মোঃ মজিবুর রহমান মজুমদার)

রেজিস্ট্রার

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা